

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৯৫

আগরতলা, ২৫ জানুয়ারি, ২০২৪

আগামীকাল বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে  
৭৫তম প্রজাতন্ত্র দিবস উদযাপিত হবে

আগামীকাল সারা রাজ্যে বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে ৭৫তম প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হবে। প্রজাতন্ত্র দিবসের মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে আগরতলার আসাম রাইফেলস ময়দানে। সকাল ৯টায় রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করবেন এবং সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করবেন। এই অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবে। তাছাড়া অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য পুরস্কার ও পদক প্রদান করা হবে।

আগামীকাল প্রজাতন্ত্র দিবসের অনুষ্ঠান শুরু হবে সকালে সমস্ত সরকারি ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে। সকাল সাড়ে ছয়টায় গান্ধীঘাটস্থিত গান্ধীবেদীতে মাল্যদান করে শ্রদ্ধা জ্ঞাপন করবেন বিদ্যুৎ ও কৃষিমন্ত্রী রতনলাল নাথ। তিনি সকাল ৭টায় লিচুবাগানস্থিত এলবার্ট একা পার্কে শহীদ বেদীতে মাল্যদান করে শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করবেন। সকাল সাড়ে সাতটায় নতুন মহাকরণ ভবন প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। প্রজাতন্ত্র দিবসের কর্মসূচির অঙ্গ হিসেবে সকাল সাড়ে দশটায় হাসপাতালের রোগী, অনাথ আশ্রম ও দুঃস্থ আবাসের আবাসিকদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হবে। দুপুর সাড়ে বারোটায় প্রজ্ঞাভবনে অনুষ্ঠিত হবে প্রাক্তন সৈনিকদের সম্মেলন। তাতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজ্যের মুখ্যসচিব জে কে সিনহা। বিকাল ৪টায় রাজভবনে অনুষ্ঠিত হবে ঘরোয়া অনুষ্ঠান। রবীন্দ্রকাননে সন্ধ্যা সাড়ে পাঁচটায় অনুষ্ঠিত হবে পুষ্প ও বাহরী পাতা প্রদর্শনীর সমাপ্তি ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান। সন্ধ্যা ৬টায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ১নং হলে রাজ্যভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। রাত সাড়ে আটটায় মহারাণী তুলসীবতী বালিকা বিদ্যালয়ে জনজাতি নেতৃবৃন্দের সাথে প্রীতি নৈশভোজের আয়োজন করা হয়েছে।

\*\*\*\*\*